

আপনার FIT (ফিকাল ইমিউনোকেমিক্যাল টেস্ট)

কীভাবে করবেন

আপনার উপসর্গসমূহের কারণ খুঁজে বের করতে সাহায্যের জন্য আপনাকে এই টেস্ট কিটটি দেয়া হয়েছে। FIT হচ্ছে এমন একটা টেস্ট যা আপনার মলের স্যম্পলে রক্তের অনুসন্ধান করে। এটা রক্তের খুব ছোট ছোট বিন্দু খুঁজে বের করে যা আপনি দেখতে নাও পেতে পারেন।

লক্ষ করুন: আপনি যে এলাকায় বাস করেন তার উপর নির্ভর করে FIT কিটটি দেখতে এখানে দেয়া ছবি থেকে ভিন্ন হতে পারে।




১। প্রস্তুতি গ্রহণ করুন- আপনার মল নেবার জন্য প্রয়োজনীয় সামগ্রী টয়লেটে বসবার আগেই সংগ্রহ করুন।



২। লেবেলের উপরে আপনার নাম, জন্মতারিখ এবং মল সংগ্রহের তারিখ লিখুন। কালো অথবা নীল কালি ব্যবহার করুন। যদি লেবেলে আগে থেকেই আপনার তথ্য লেখা থেকে থাকে সেগুলো সঠিক কি না তা চেক করুন।




৩। আপনার মল সংগ্রহ করুন- এটা কীভাবে করতে হবে সেই বিষয়ে এই লিফলেটের অপর পৃষ্ঠায় আমরা কিছু পরামর্শ দিয়েছি। আপনার মল যেন পানিতে অথবা টয়লেটে না লাগে।



৪। ঢাকনা মুচড়ে স্যাম্পলের বোতলটি খুলুন। সবগুলো খাঁজ ঢেকে যাওয়া পর্যন্ত কাঠিটি মলের উপরে ঘষতে থাকুন। টেস্টের জন্য খুঁস্কান্য মল দরকার। দয়া করে বাড়তি পরিমাণ যোগ করবেন না।



৫। কাঠিটি আবার বোতলের ভেতরে ঢোকান এবং ঢাকনাটি ক্লিক করে বোতল বন্ধ করুন। ব্যবহারের পর বোতল আবার খুলবেন না। দয়া করে আপনার হাত ধুয়ে ফেলুন।



৬। কাজটি সম্পন্ন হলে আপনার কিটটি ডাক্তারের কাছে নিয়ে যাবেন নাকি ল্যাবের ঠিকানায় পোস্ট করবেন তা আপনার ডাক্তার আপনাকে বলে দিয়ে থাকবেন।

আপনার মল সংগ্রহের জন্য কিছু পরামর্শ


আপনার মল সংগ্রহকে সহজতর করার জন্য এখানে কিছু পরামর্শ দেয়া হয়েছে। এগুলো কাজে লাগিয়ে দেখুন না কোন পদ্ধতিটি আপনার জন্য সবচেয়ে সহজ মনে হয়? আপনার মলকে টয়লেটে অথবা পানিতে লাগতে দেবেন না।



১। টয়লেটের উপরে ক্লিংগ ফিল্ম লাগানো (একটু নিচু করে রাখতে ভুলবেন না)




২। আগুরের কাটন



৩। টয়লেট পেপার ভাঁজ করে হাতে নেয়া



৪। একটি পরিষ্কার খালি মার্জারিন অথবা আইক্রিমের পট



৫। একটি পরিষ্কার খালি টেইকএওয়ে পাত্র



৬। আপনার হাতে একটি প্লাস্টিকের ব্যাগ অথবা গ্লাভ পরা

৭। আপনার মল সংগ্রহ করা শেষ হলে আপনার টেস্ট কিটটি ব্যবহার করুন এবং স্যাম্পলটি যত তাড়াতাড়ি সম্ভব পাঠিয়ে দিন।